দৈনিক বাংলা

ঢাবির প্রতিষ্ঠাবার্ষিকীতে ফ্রান্সের শুভেচ্ছা

নিজস্ব প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী এবং প্রাক্তন শিক্ষার্থীদের আন্তরিক অভিনন্দন জানিয়েছে ঢাকার ফ্রান্স দূতাবাস। গতকাল শুক্রবার দূতাবাসের এক বার্তায় উল্লেখ করা হয়, এক শতাব্দীরও বেশি সময় ধরে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা, গবেষণা ও বুদ্ধিবৃত্তিক উৎকর্ষের এক উজ্জ্বল আলোকবর্তিকা হিসেবে প্রতিষ্ঠিত।

এ প্রতিষ্ঠান প্রজন্মের পর প্রজন্ম শিক্ষার্থী গড়ে তুলেছে এবং বাংলাদেশের শিক্ষা, জ্ঞানচর্চা ও জাতীয় উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে।

এ উপলক্ষে ১৯৭৩ সালের এপ্রিল মাসে বাংলাদেশ সফরকালে ফরাসি লেখক এবং ফ্রান্সের প্রথম সংস্কৃতিবিষয়ক মন্ত্রী আন্দ্রে মালরোর ঢাকা বিশ্ববিদ্যালয় সফরের কথাও স্মরণ করা হচ্ছে।

১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশের একজন দৃঢ় আন্তর্জাতিক সমর্থক হিসেবে মালরোর সেই সফর আজও ফ্রান্স ও বাংলাদেশের দীর্ঘস্থায়ী বন্ধুত্বের প্রতীক হয়ে রয়েছে।

বাংলাদেশের সঙ্গে শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতিবিষয়ক সহযোগিতাকে ফ্রান্স অত্যন্ত গুরুত্ব দেয় এবং দুই দেশের উচ্চশিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠানগুলোর মধ্যে অংশীদারিত্ব আরও জোরদার করার প্রত্যাশা ব্যক্ত করছে।

কালের কণ্ঠ



১৭১তম সাঁওতাল বিদ্রোহ দিবস উপলক্ষে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শোভাযাত্রা বের করে উত্তরবঙ্গ আদিবাসী ফোরাম। ছবি : কালের কণ্ঠ

Scanned with CamScanner